

ভর্তি প্রক্রিয়া

- ক) ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশের সময়ই মেধা তালিকা অনুযায়ী ভর্তিচ্ছুক শিক্ষার্থীগণ যে বিশ্ববিদ্যালয়ের যে বিষয়ের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত হবে, তা প্রকাশ করা হবে এবং সে বিশ্ববিদ্যালয়েই ভর্তি ফি জমা দিয়ে ভর্তির যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। ভর্তির জন্য মূল ট্রান্সক্রিপ্ট, প্রশংসাপত্র ও কোটা ডকুমেন্টস উক্ত বিশ্ববিদ্যালয়েই জমা দিতে হবে। প্রতিটি বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফি-র পরিমাণ ফলাফল প্রকাশের সময় ওয়েবসাইটের মাধ্যমে জানিয়ে দেয়া হবে।
- খ) ভর্তির পর আসন খালি থাকা সাপেক্ষে অটোমাইগ্রেশন সম্পন্ন করার পর শূন্য আসনসমূহে অপেক্ষমান তালিকা হতে ভর্তি করা হবে। অটোমাইগ্রেশনের যে কোন পর্যায়ে অটোমাইগ্রেশন বন্ধ করতে চাইলে অনলাইনে লগইন করে আবেদন করতে হবে।
- ঘ) সর্বশেষ অটোমাইগ্রেশন সম্পন্ন হওয়ার পর প্রার্থীগণ যে যে বিশ্ববিদ্যালয় ও বিষয়ের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত হবে, তা ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং এসএমএস-এর মাধ্যমে জানানো হবে। অটোমাইগ্রেশনের কারণে যে সকল ভর্তিকৃত ছাত্র/ছাত্রী বিশ্ববিদ্যালয়ের পরিবর্তন হবে, তাদেরকে নির্ধারিত তারিখে সর্বশেষ-প্রাপ্ত বিশ্ববিদ্যালয়ে গিয়ে পূর্বে জমাকৃত ভর্তি-ফির সাথে সেই বিশ্ববিদ্যালয়ের জন্য প্রযোজ্য ভর্তি-ফি সমন্বয় করে ভর্তির কার্যক্রম চূড়ান্ত করতে হবে। সর্বশেষ অটোমাইগ্রেশনের পর এক বিশ্ববিদ্যালয় হতে অন্য বিশ্ববিদ্যালয়ে স্থানান্তরিত হওয়া ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ট্রান্সক্রিপ্ট, প্রশংসাপত্র ও অন্যান্য ডকুমেন্ট বিশ্ববিদ্যালয়সমূহ পরস্পরের মধ্যে আদান প্রদান করে নেবেন।

ভর্তি বাতিল

ভর্তিকৃত কোন ছাত্র-ছাত্রী তার ট্রান্সক্রিপ্ট এবং অন্যান্য ডকুমেন্ট ফেরৎ নিতে চাইলে যে বিশ্ববিদ্যালয়ে তার ডকুমেন্টস রয়েছে, সে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার বরাবর ভর্তি বাতিলের জন্য আবেদন করতে হবে। উল্লেখ্য যে ভর্তি বাতিল করার জন্য টাকা ১০,০০০/- মাত্র ভর্তি বাতিল ফি জমা দিতে হবে।